



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডে-কেয়ার সেন্টারের শিশুদের অংশগ্রহণে 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' অনুষ্ঠিত



অমর একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষে ২০ ফেব্রুয়ারি ২০২৪-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার চত্বরে ডে-কেয়ার সেন্টারের শিশুদের অংশগ্রহণে 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম এবং প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন সহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।